গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২২৬/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ২৮ মে ২০১৯, ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ
২। নরেন্দ্র মোদির শপথে যাচ্ছেন রাষ্ট্রপতি
৩। তিন দেশের সফরে আজ ঢাকা ত্যাগ করবেন প্রধানমন্ত্রী
৪। প্রধানমন্ত্রী ফিনল্যান্ড থেকে লন্ডন হয়ে ঢাকা ফিরবেন
৫। দ্রুত বিচার আইনের মেয়াদ আরো পাঁচ বছর : মন্ত্রিসভায় খসড়া অনুমোদন
৬। আমন-বোরোসহ মোটা চাল রপ্তানির বাজার খোঁজার নির্দেশ প্রধানমন্ত্রীর
৭। জনগণের বিশ্বাসের মর্যাদা দিতে হবে : ময়মনসিংহ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলরবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৮। দীন মোহাম্মদ আই হসপিটালে চক্ষু পরীক্ষা করালেন প্রধানমন্ত্রী
৯। বাজেট ঘোষণার পর কোনো পণ্যের দাম বাড়বে না : অর্থমন্ত্রী
১০। ডিজিটাল রূপান্তরে বাংলাদেশের অগ্রযাত্রা অনন্য : সিঙ্গাপুরে স্পিকার
১১। বাংলাদেশ দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে : ভিয়েনায় জাতিসংঘ আয়োজিত দুর্নীতি বিরোধী সম্মেলনে আইনমন্ত্রী
১২। বাংলাদেশে অভ্যন্তরীণ অভিবাসী বাড়ছে : ব্যাংককে জাতিসংঘের এসকাপ অধিবেশনে পরিকল্পনামন্ত্রী
১৩। নাইরোবিতে ইউএন-হ্যাবিট্যাট অ্যাসেম্বলিতে গণপূর্তমন্ত্রী রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অবস্থান তুলে ধরলেন
১৪। জার্মানির বার্লিনে জলবায়ু ও নিরাপত্তা সম্মেলনে জলবায়ু ও রোহিঙ্গা সমস্যার ভয়াবহতা তুলে ধরবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৫। সরকারি শূন্য পদ পূরণে কমিশন হবে
১৬। অনলাইন সংবাদপোর্টাল নিবন্ধনের আবেদনের সময় আগামী ৩০ জুন পর্যন্ত
১৭। বিশ্ব নিরাপদ মাতৃত্ব দিবস আজ

চলমান পাতা-২

১।	**রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৭ মে সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতিকে আজ (২৮ মে মঙ্গলবার) থেকে তাঁর ত্রিদেশীয় (জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ড) সফর সম্পর্কে অবহিত করেন। ঈদের সময় প্রধানমন্ত্রী দেশের বাইরে অবস্থান করবেন বলে তাঁরা আগাম ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

২।	**নরেন্দ্র মোদির শপথে যাচ্ছেন রাষ্ট্রপতি**

দ্বিতীয় মেয়াদে ভারতের প্রধানমন্ত্রী হিসেবে আগামী ৩০ মে বৃহস্পতিবার শপথগ্রহণ করবেন নরেন্দ্র মোদি। এ শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দেবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বাংলাদেশের প্রতিনিধিদলেরও নেতৃত্ব দেবেন। আগামী বৃহস্পতিবার ভারতের রাষ্ট্রপতি ভবনে শপথগ্রহণ অনুষ্ঠান হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হকের ঐ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করার কথা ছিল। তবে গতকাল (২৭ মে সোমবার) এ সিদ্ধান্তে পরিবর্তন আনা হয়। তবে তিনি বাংলাদেশের প্রতিনিধিদলে থাকছেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩।	**তিন দেশের সফরে আজ ঢাকা ত্যাগ করবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ১২ দিনের জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ডে ত্রিদেশীয় সফরের উদ্দেশে আজ ২৮ মে মঙ্গলবার ঢাকা ত্যাগ করবেন। আজ ৮টা ৫৫ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইটে টোকিওর হানিদা আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী তাঁর সফরের প্রথমে জাপানে আগামী ২৮ থেকে ৩১ মে পর্যন্ত অনুষ্ঠেয় ফিউচার এশিয়া শীর্ষক ২৫তম আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ দেবেন। তিনি সেখানে একটি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে যোগ দেবেন এবং জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের সঙ্গে দ্বিপক্ষীয় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেখানে তাঁর সম্মানে বাংলাদেশি কমিউনিটির দেওয়া একটি সংবর্ধনা অনুষ্ঠানে যোগদান করবেন। তিনি হলি আর্টিসানে হামলায় ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের সঙ্গে মিলিত হবেন এবং জাপানি ব্যবসায়ী নেতাদের সঙ্গে সাক্ষাৎ করবেন।

আগামী ৩১ মে শুক্রবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা মক্কায় ওআইসির ইসলামিক শীর্ষ সম্মেলনের ১৪তম অধিবেশনে যোগদানের জন্য জেদ্দার উদ্দেশে টোকিও ত্যাগ করবেন। তিনি ৩ জুন পর্যন্ত সেখানে অবস্থান করবেন। সৌদি আরব সফরকালে প্রধানমন্ত্রী ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসি) ১৪তম অধিবেশনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন। সেখানে আগামী ৩১ মে 'মক্কা সামিট : টুগেদার ফর দ্য ফিউচার' শীর্ষক ইসলামী শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে।

সৌদি আরব সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৩ জুন ফিনল্যান্ডের রাজধানী হেলসিংকির উদ্দেশে জেদ্দা ত্যাগ করবেন। আগামী ৪ জুন ফিনল্যান্ডের রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৪।	**প্রধানমন্ত্রী ফিনল্যান্ড থেকে লন্ডন হয়ে ঢাকা ফিরবেন**

জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ড তিন দেশ সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৮ জুন দেশে ফিরবেন। পূর্ব পরিকল্পনা অনুযায়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনার হেলসিংকি থেকে নয়াদিল্লিতে ১২ ঘণ্টার যাত্রা বিরতির কথা ছিল। কিন্তু এ কর্মসূচিতে পরিবর্তন আনা হয়েছে। প্রধানমন্ত্রী হেলসিংকি থেকে লন্ডন হয়ে ঢাকায় ফিরবেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫)।

৫। **দ্রুত বিচার আইনের মেয়াদ আরো পাঁচ বছর : মন্ত্রিসভায় খসড়া অনুমোদন**

দ্রুত বিচার আইনের মেয়াদে আরো পাঁচ বছর বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল (২৭ মে সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুতবিচার) (সংশোধন) আইন, ২০১৯' এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

৬। **আমন-বোরোসহ মোটা চাল রপ্তানির বাজার খোঁজার নির্দেশ প্রধানমন্ত্রীর**

ধানের বাম্পার ফলন হওয়ায় এবার চাল রপ্তানির উদ্যোগ নিয়েছে সরকার। আমন, বোরোসহ মোটা চাল রপ্তানির বিষয়ে বাজার খোঁজার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি গতকাল (২৭ মে সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই নির্দেশ দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

৭। **জনগণের বিশ্বাসের মর্যাদা দিতে হবে : ময়মনসিংহ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলরবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

ময়মনসিংহ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলরবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের কল্যাণে নির্বাচিত জনপ্রতিনিধিদের কাজ করে যাওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, শুধু ভোটে জয়লাভ করলেই চলবে না, জনগণের হৃদয়ও জয় করতে হবে। জনগণই আপনাদেরকে যে বিশ্বাস এবং আস্থা নিয়ে নির্বাচিত করেছেন তাদের সে বিশ্বাস ও আস্থার মর্যাদা দিতে হবে। কাজের মাধ্যমে জনগণের আস্থা অর্জন করতে হবে। গতকাল (২৭ মে সোমবার) প্রধানমন্ত্রী তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে ময়মনসিংহ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলরবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৮। **দীন মোহাম্মদ আই হসপিটালে চক্ষু পরীক্ষা করালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৭ মে সোমবার) রাজধানীর দীন মোহাম্মদ আই হসপিটালে অপারেশন পরবর্তী চক্ষু পরীক্ষা করিয়েছেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সচিব জানান, গতকাল রাজধানীর দীন মোহাম্মদ আই হসপিটালে প্রধানমন্ত্রীর চোখের গ্লুকোমা পরীক্ষা করা হয় এবং ব্যবস্থাপত্র দেয়া হয়। ডা. দীন মোহাম্মদ নুরুল হকের নেতৃত্বে ৪ সদস্যের বোর্ড প্রধানমন্ত্রীর চক্ষু পরীক্ষা করেন বলে তিনি জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৯। **বাজেট ঘোষণার পর কোনো পণ্যের দাম বাড়বে না : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বাজেট ঘোষণার পর কোনো পণ্যের দাম বাড়বে না, বরং কমবে। বাজেটে করের হার বাড়বে না। তবে করের আওতা বাড়বে। গতকাল (২৭ মে সোমবার) শেরেবাংলানগরে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। আগামী **১৩** জুন নতুন অর্থবছরের বাজেট ঘোষণা করতে যাচ্ছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি আরো বলেন, আমাদের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা **৩** লাখ **২৫** হাজার কোটি টাকা। রাজস্ব আহরণ কম হবে না বরং বাড়বে। কিন্তু জনগণকে কষ্ট দিয়ে রাজস্ব আহরণ করবো না। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬)।

১০। **ডিজিটাল রূপান্তরে বাংলাদেশের অগ্রযাত্রা অনন্য : সিঙ্গাপুরে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রাজনৈতিক পরিস্থিতি স্থিতিশীল রেখে ডিজিটাল রূপান্তরে বাংলাদেশের অগ্রযাত্রা অনন্য। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল। বাংলাদেশের উন্নয়ন ও গণতান্ত্রিক অগ্রযাত্রা একই সঙ্গে এগিয়ে যাচ্ছে। গতকাল (২৭ মে সোমবার) ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুরের ই-গভর্নমেন্ট লিডারশিপ সেন্টারে 'ডেভেলপিং ডিজিটাল গভর্নমেন্ট স্ট্র্যাটেজিস : অ্যান ওরিয়েন্টেশন প্রোগ্রাম অন ই-গভর্ন্যান্স' শীর্ষক কর্মশালা উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

১১ । বাংলাদেশ দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে :
ভিয়েনায় জাতিসংঘ আয়োজিত দুর্নীতি বিরোধী সম্মেলনে আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্ন ছিল দুর্নীতিমুক্ত সমাজ গঠন করা। তাঁর এ স্বপ্ন বাস্তবায়নে বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। ফলে বাংলাদেশে দুর্নীতি কমছে। গতকাল (২৭ মে সোমবার) অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অনুষ্ঠিত জাতিসংঘের দুর্নীতি বিরোধী কনভেনশন এর বাস্তবায়ন পর্যালোচনা পর্বের দশম অধিবেশনে বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

১২। বাংলাদেশে অভ্যন্তরীণ অভিবাসী বাড়ছে : ব্যাংককে জাতিসংঘের এসকাপ অধিবেশনে পরিকল্পনামন্ত্রী

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশে অভ্যন্তরীণ অভিবাসী বাড়ছে। ঘরবাড়ি হারিয়ে গ্রাম থেকে মানুষ শহরে ছুটছে। ফলে জলবায়ু শরণার্থী সংকট মোকাবিলা ও টেকসই নগরায়ণ বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। গতকাল (২৭ মে সোমবার) থাইল্যান্ডের ব্যাংককে জাতিসংঘের এশিয়া প্যাসিফিক অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (ইউএন এসকাপ) বার্ষিক সভার দ্বিতীয় দিনের অধিবেশনে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশ সবচেয়ে ঝুঁকিতে থাকা দেশগুলোর অন্যতম। যদিও বাংলাদেশ কার্বন নিঃসরণের জন্য দায়ী নয়। জলবায়ুর পরিবর্তনজনিত দুর্যোগের কারণে লাখ লাখ মানুষ হতদরিদ্র হয়ে পড়ার শঙ্কা তৈরি হয়েছে। জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত মানুষকে রক্ষা করতে আন্তর্জাতিক সংস্থাগুলোর যৌথ কর্মপন্থা গ্রহণ করা জরুরি। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

১৩। নাইরোবিতে ইউএন-হ্যাবিট্যাট অ্যাসেম্বলিতে গণপূর্তমন্ত্রী
রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অবস্থান তুলে ধরলেন

ইউএন-হ্যাবিট্যাট অ্যাসেম্বলিতে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অবস্থান তুলে ধরেছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (২৭ মে সোমবার) কেনিয়ার রাজধানী নাইরোবিতে অনুষ্ঠিত ইউএন-হ্যাবিট্যাট অ্যাসেম্বলির প্রথম অধিবেশনের একটি সেশনে প্রধান অতিথির বক্তব্যে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী বলেন, যখন মিয়ানমার সরকার ও সেনাবাহিনী রোহিঙ্গা জনগোষ্ঠীর উপর বর্বোরোচিত গণহত্যা শুরু করল, তখন প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানবিক অনুভূতি থেকে সীমান্ত খুলে দিলেন এবং বাংলাদেশের অভ্যন্তরে রোহিঙ্গাদের প্রবেশ করতে দিলেন। যদি আমরা সীমান্ত না খুলে দিতাম অধিকাংশ রোহিঙ্গা জনগোষ্ঠী নির্মম হত্যাযজ্ঞের শিকার হতো। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৪,ক.৪)।

১৪। জার্মানির বার্লিনে জলবায়ু ও নিরাপত্তা সম্মেলনে
জলবায়ু ও রোহিঙ্গা সমস্যার ভয়াবহতা তুলে ধরবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

জার্মানির বার্লিনে আগামী ৪ জুন অনুষ্ঠেয় জলবায়ু ও নিরাপত্তা সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। এ সময় বাংলাদেশসহ এ অঞ্চলের প্রধান দুইটি সমস্যা জলবায়ু পরিবর্তন ও রোহিঙ্গা সমস্যার ভয়াবহতা এবং এ অঞ্চলে এর প্রভাব বিষয়ে তিনি বক্তব্য প্রদান করবেন। এছাড়া আগামী ৫ জুন অনুষ্ঠেয় ৪র্থ জার্মান-এশিয়া বাণিজ্য সংলাপেও বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। সংলাপে মুক্ত বাণিজ্য, উদ্ভাবনী প্রযুক্তিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় স্থান পাবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৪,ক.৪), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **ইন্ডিপেনডেন্ট (শেষ** পৃ,ক.৭), **নিউজ টুডে (শেষ** পৃ,ক.৮)।

১৫। সরকারি শূন্য পদ পূরণে কমিশন হবে

সরকারি চাকরিতে **১১-২০**তম গ্রেডের (আগের বেতন কাঠামোয় তৃতীয়-চতুর্থ শ্রেণি) বিদ্যমান শূন্য পদ জরুরিভিত্তিতে পূরণের উদ্যোগ নিয়েছে সরকার। এজন্য কমিশন গঠনের সম্ভাব্যতা যাচাইয়ে কমিটি গঠন করা হয়েছে। গতকাল (২৭ মে সোমবার) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি গঠনের আদেশ জারি করে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৬)।

১৬। অনলাইন সংবাদপোর্টাল নিবন্ধনের আবেদনের সময় আগামী ৩০ জুন পর্যন্ত

অনলাইন সংবাদপোর্টাল নিবন্ধনের জন্য আগামী ৩০ জুন পর্যন্ত আবেদনপত্র জমা নেবে তথ্য অধিদফতর। বিদ্যমান অনলাইন সংবাদপোর্টালগুলোর সরকারি নিবন্ধনের জন্য আগামী ৩০ জুন পর্যন্ত সময়সীমা নির্ধারণ করে তথ্য মন্ত্রণালয় থেকে গতকাল (২৭ মে সোমবার) এ সংক্রান্ত একটি সরকারিপত্র জারি হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

১৭। বিশ্ব নিরাপদ মাতৃত্ব দিবস আজ

বিশ্ব নিরাপদ মাতৃত্ব দিবস আজ। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও নানা আয়োজনে দিবসটি উদ্‌যাপিত হচ্ছে। দিবসটির এবারের প্রতিপাদ্য 'মর্যাদা ও অধিকার স্বাস্থ্যকেন্দ্রে প্রসূতি সেবায় অঙ্গীকার'। নিরাপদ মাতৃত্ব দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র **: ইনকিলাব** (শেষ পৃ,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশের মাধ্যমিক ও সমমান শিক্ষা ব্যবস্থার একটি বড় ত্রুটি হল মাত্রাতিরিক্ত ছুটি ও পাবলিক পরীক্ষার কারণে শিক্ষকগণ এ স্তরের ক্লাসে ঠিকমতো সিলেবাস সম্পূর্ণ করতে পারেননা উল্লেখ করে এ অবস্থা নিরসনে পৃথকভাবে পাবলিক পরীক্ষাকেন্দ্র নির্মাণের ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল :** অনলাইন কেনাকাটায় প্রতারণা নিয়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে গত ছয়মাসে সাড়ে পাঁচশ'র বেশি অভিযোগ জমা পড়েছে উল্লেখ করে অনলাইন কেনাকেটা নিয়ে আইনগত ব্যবস্থার পাশাপাশি সচেতনতামূলক কর্মসূচি নেওয়ার সুপারিশ।

গ. **বণিকবার্তা :** পরিবেশবান্ধব পোশাক কারখানার তালিকায় উঠে এসেছে বাংলাদেশের আরো **১০**টি পোশাক কারখানা-এ খবরে সন্তোষ প্রকাশ করে অগ্রগতির এ ধারা অব্যাহত রাখার পাশাপাশি পোশাকখাতের প্রবৃদ্ধি অর্জনে শ্রমিকদের প্রশিক্ষিত ও দক্ষ করে গড়ে তোলা এবং নতুন বাজার খোঁজার বিষয়টিও গুরুত্ব দেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** গ্রামাঞ্চলে মিলছে না কাঙ্ক্ষিত চিকিৎসাসেবা-এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** ডুবোচরসহ নানা সংকটের কারণে বিপজ্জনক হয়ে উঠেছে দক্ষিণাঞ্চলের নৌরুটগুলো উল্লেখ করে ঈদের আগেই দক্ষিণাঞ্চলে নৌপথগুলো নিরাপদ করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ঢাকা ট্রিবিউন :** পরিবেশের দূষণরোধে রাজধানীসহ সারাদেশে সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়গুলোর উন্নয়নে সরকারি ও বেসরকারি অর্থায়ন বাড়লে মানবসম্পদ উন্নয়ন যেমন ঘটে, সার্বিকভাবে শিল্পায়ন, ব্যবসা-বাণিজ্যরও প্রসার ঘটে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'নিশ্চিত হোক মায়ের অধিকার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নিরাপদ মাতৃত্বকে নারীর অধিকার হিসেবে প্রতিষ্ঠা করে মা ও নবজাতকের মৃত্যুহার কমিয়ে আনা যায়।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা